

আশ-শামস | Ash-Shams | الشَّمْسُ

আয়াতঃ ৯১ : ১০

আরবি মূল আয়াত:

وَقَدْ خَابَ مَنْ دَسَّهَا ﴿١٠﴾

অনুবাদসমূহ:

এবং সে ব্যর্থ হয়েছে, যে তা (নাফস)-কে কলুষিত করেছে। — আল-বায়ান

সেই ব্যর্থ হয়েছে যে নিজ আত্মাকে কলুষিত করেছে। — তাইসিরুল

এবং সে'ই ব্যর্থ মনোরথ হবে যে নিজেকে কলুষাচ্ছন্ন করবে। — মুজিবুর রহমান

And he has failed who instills it [with corruption]. — Sahih International

১০. আর সে-ই ব্যর্থ হয়েছে, যে নিজেকে কলুষিত করেছে। (১)

(১) পূর্বোক্ত শপথগুলোর জওয়াবে এ আয়াতগুলোয় উল্লেখ করা হয়েছে। প্রথমে বলা হয়েছে, (قَدْ أَفْلَحَ مَنْ زَكَّاهَا) এখানে, زَكَّاهَا শব্দটি تَزَكَّى থেকে। এর প্রকৃত অর্থ পরিশুদ্ধতা; বৃদ্ধি বা উন্নতি। বলা হয়েছে, যে ব্যক্তি নিজের নাফস ও প্রবৃত্তিকে দুষ্কৃতি থেকে পাক-পবিত্র করে, তাকে সৎকাজ ও নেকির মাধ্যমে উদ্বুদ্ধ ও উন্নত করে পবিত্রতা অর্জন করে, সে সফলকাম হয়েছে। এর মোকাবেলায় বলা হয়েছে, دَسَّاهَا এর শব্দমূল হচ্ছে تَدَسَّسُ যার মানে হচ্ছে দাবিয়ে দেয়া, লুকিয়ে ফেলা; পথভ্রষ্ট করা। পূর্বাপর সম্পর্কের ভিত্তিতে এর অর্থও এখানে সুস্পষ্ট হয়ে যায় অর্থাৎ সেই ব্যক্তিই ব্যর্থ, যে নিজের নাফসকে নেকী ও সৎকর্মের মাধ্যমে পরিশুদ্ধ ও উন্নত করার পরিবর্তে দাবিয়ে দেয়, তাকে বিভ্রান্ত করে অসৎপ্রবণতার দিকে নিয়ে যায়। [ফাতহুল কাদীর] কোন কোন মুফাসসির আয়াত দুটির আরেকটি অর্থ করেছেন, সে ব্যক্তি সফলকাম হয়; যাকে আল্লাহ পরিশুদ্ধ করেন এবং সে ব্যক্তি ব্যর্থ, যাকে আল্লাহ তা'আলা গোনাহে ডুবিয়ে দেন। [ইবন কাসীর, তাবারী]

তাফসীরে জাকারিয়া

১০। এবং সে ব্যর্থ হবে, যে তাকে কলুষিত করবে। [1]

[1] অর্থাৎ, আত্মাকে যে কলুষিত ও ভ্রষ্ট করবে, সে ক্ষতিগ্রস্ত হবে। دَسَّ শব্দটি تَدَسَّس শব্দ হতে উৎপত্তি হয়েছে। যার অর্থ হল, এক বস্তুকে অন্য বস্তুতে লুকিয়ে ফেলা। সুতরাং এখানে دَسَّاهَا এর অর্থ হল, যে নিজের আত্মাকে লুকিয়ে ফেলল এবং অনর্থক ছেড়ে দিল এবং তাকে আল্লাহর আনুগত্য এবং নেক আমল দ্বারা প্রকাশ করল না।

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=6053>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন